



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



সংগীত বিভাগের আয়োজনে বসন্ত উৎসব ১৪২৩ অনুষ্ঠিত



১৫ ফেব্রুয়ারি ২০২৩-বুধবার সংগীত বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে ‘আমার বসন্ত গান তোমার বসন্ত দিনে ধ্বনিত হউক ক্ষণতরে’ শ্লোগানকে সামনে রেখে মুজিব মঞ্চে বসন্ত উৎসব ১৪২৩ অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক।

সংগীত বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান ড. ঝুমুর আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ।

এসময় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ আইনুল ইসলাম সহ বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ অনুষ্ঠানটি উপভোগ করেন।